গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয় ঃ মহান বিজয় দিবস ২০১৭ উপলক্ষে আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানের যান্ত্রিক বহরে অংশ গ্রহণের জন্য প্রস্তুতিমূলক সভার কার্যবিররণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবদুস সামাদ<br>ভারপ্রাপ্ত সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ১৭-১০-২০১৭ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১০.০০ টা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট-ক।

আলোচনা ঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহান বিজয় দিবস ২০১৭ উপলক্ষে গত বছরের কার্যক্রম এবং এ বছরের করণীয় সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, আসন্ন বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিতব্য কুচকাওয়াজ অনুষ্ঠানের যান্ত্রিক বহরে মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ডিসপ্লে উপস্থাপন করতে হবে। যেহেতু এ মন্ত্রণালয় জাহাজ সম্পর্কিত, সেহেতু জাহাজকে মডেল ধরে ডিসপ্লে করলেই দৃষ্টিনন্দন হবে বলে তিনি জানান।

২। এ পর্যায়ে সভাপতি দপ্তর/সংস্থার উপস্থিত প্রতিনিধিদের নিকট তাদের নিজ নিজ সংস্থাকে প্রতিনিধিত্ব করে এরূপ কি কি বিষয়ে ডিসপ্লেতে উপস্থাপন করা যেতে পারে; সে সম্পর্কে মতামত জানতে চান। একই সাথে কর্মকর্তাদের মধ্যে বিভিন্ন দায়িত্ব বন্টন, প্রাক্কলিত ব্যয় ইত্যাদির বিষয়েও আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহীত হয় ঃ

৩। **<u>সিদ্ধান্ত ঃ</u>**

৩.১) মহান বিজয় দিবস উপলক্ষে যান্ত্রিক বহরের সাজ সজ্জা দৃষ্টি নন্দন ও সাফল্য মন্ডিত করার লক্ষ্যে সকল কার্যক্রম মন্ত্রণালয় ও সংস্থার নিজস্ব লোকবল দিয়ে নিজেদের উদ্যোগে সম্পন্ন করতে হবে।

৩.২) জনাব দেবাশীষ নাগ, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তার সহযোগী হিসেবে জনাব মোহাম্মদ জাহিদুল ইসলাম মিয়া, সিনিয়র সহকারী সচিব এবং জনাব মোঃ কুতুব উল আলম, সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় দায়িত্ব পালন করবেন।

৩.৩) যান্ত্রিক বহরে মন্ত্রণালয়ের কার্যক্রমকে আকর্ষনীয়ভাবে উপস্থাপন করার জন্য দুই জন চালকসহ একটি কন্টেইনার মুভার ১৮ দিনের জন্য এবং জিওসি এর নেতৃত্বে ট্রায়াল দেয়ার নিমিত্ত/ডামী ডিসপ্লে করার জন্য ০৫ দিনের জন্য আরও ০১ টি ট্রাক ভাড়া করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক, বাস্থবক এবং জনাব নজরুল ইসলাম মিশা, জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিসি দায়িত্ব পালন করবেন। তারা গাড়ীসমূহ কারিগরি দিক থেকে উপযুক্ত আছে এ মর্মে বিআরটিএ কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহসহ নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের বিষয়টিও নিশ্চিত করবেন।

(অঃ পৃঃ দ্রঃ)

৩.৪) 'কন্টেইনার মুভার' এর উপর এম.ভি মধুমতি জাহাজের আদলে সকল দপ্তর/সংস্থার প্রদর্শনযোগ্য ডামি ডিসপ্লে করতে হবে। ডিসপ্লের কাঠামো তৈরীর বিষয়ে জনাব নজরুল ইসলাম মিশা এবং জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, উপপরিচালক, বিআইডব্লিউটিএ দায়িত্ব পালন করবেন।

৩.৫) মন্ত্রণালয়ের উন্নয়ন কার্যক্রম যান্ত্রিক বহরে তুলে ধরার বিষয়ে জাতীয় প্যারেড স্কোয়ারের কার্যক্রম তদারকির নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণ তদারকি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন ঃ

(১) জনাব মোঃ রেজাউল করিম, যুগ্মসচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়।
(২) জনাব মোঃ আবদুস সাত্তার, উপসচিব (চবক), নৌপরিবহন মন্ত্রণালয়।
(৩) জনাব মোঃ মুহিদুল ইসলাম, উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়।
(৪) জনাব এস এম শাহ হাবিবুর রহমান হাকিম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
(৫) জনাব মোঃ ইউসুফ, সহঃ ব্যবস্থাপক, বিএসসি।
(৬) জনাব মাসুদুল্লাহ খান, সহকারী পরিকল্পনা প্রধান, মোংলা বন্দর কর্তৃপক্ষ।

(৩.৬) ডিসপ্লে'র মালামাল সংগ্রহের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সার্বিক দায়িত্ব পালন করবেন ঃ

(১) জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, বিআইডব্লিউটিএ।
(২) জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক, বাস্থবক।
(৩) জনাব মোঃ শফিকুর রহমান, নৌপরিবহন অধিদপ্তর।

(৩.৭) ডিজিটাল উপস্থাপনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সার্বিক তথ্য সংগ্রহ ও উপস্থাপনার দায়িত্ব পালন করবেন ঃ

(১) জনাব মোঃ জাহাঙ্গীর আলম খান, সিঃ তথ্য অফিসার/পিআরও, নৌপরিবহন মন্ত্রণালয়।
(২) জনাব সৈয়দ মোঃ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়।
(৩) জনাব মোঃ নজরুল ইসলাম মিশা, বিআইডব্লিউটিসি।
(৪) জনাব মোঃ মোবারক হোসনে মজুমদার, বিআইডব্লিউটিএ।
(৫) জনাব সুফী মোঃ সোয়েব, সিস্টেম এনালিস্ট, চবক।

৩.৮) ব্রোসিয়ার প্রস্তুত, লিফলেট, ফেস্টুন প্রস্তুতি ও বিতরণ এবং মহান বিজয় দিবসের অনুষ্ঠানের ডিসপ্লেতে মন্ত্রণালয় ও সকল সংস্থাকে উত্তমরূপে উপস্থাপনের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হল ঃ

| | | |
|---|---|---|
| (১)জনাব সঞ্জয় কুমার বণিক, যুগ্মসচিব | - | সভাপতি। |
| (২)জনাব মনোয়ার হোসেন, উপসচিব | - | সদস্য। |
| (৩)জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, উপসচিব | - | সদস্য। |
| (৪)জনাব দেবাশিষ নাগ, উপসচিব | - | সদস্য। |
| (৫)বেগম জাজরীন নাহার, সিনিয়র সহকারী সচিব | - | সদস্য। |
| (৬)বেগম রেবেকা সুলতানা, সিনিয়র সহকারী সচিব | - | সদস্য। |
| (৭)বেগম সীমা রানী ধর, সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় | | সদস্য। |
| (৮)জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সিনিয়র তথ্য অফিসার ও জনসংযোগ কর্মকর্তা (নৌপম) | | -সদস্য। |
| (৯)জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়- | | সদস্য। |
| (১০)জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়- | | সদস্য। |
| (১১)জনাব মোঃ শফিকুর রহমান, মুখ্য পরিদর্শক, নৌপরিবহন অধিদপ্তর- | | সদস্য। |
| (১২)জনাব আনম ওয়াহিদ শিকদার, উপসচিব, চট্টগ্রাম বন্দর- | | সদস্য। |
| (১৩)জনাব মোঃ নজরুল ইসলাম মিশা, জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিসি- | | সদস্য। |

(অঃ পৃঃ দ্রঃ)

(১৪)জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিএ-সদস্য।
(১৫)জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক, বাস্থবক- সদস্য।
(১৬)জনাব মাসুদুল্লাহ খান, সহঃ পরিঃ প্রধান, মোবক -সদস্য।
(১৭)জনাব মোঃ আতিকুল ইসলাম, হিঃ কমঃ, নৌপম - সদস্য।
(১৮)জনাব এসএম শাহ হাবিবুর রহমান হাকিম, উপসচিব - সদস্য সচিব।

এ কমিটি নিজেদের মধ্যে সমন্বয় করে, সার্বিক কার্যক্রম গ্রহণ করবেন। প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৩.৯) বর্তমান সরকারের ৮ বছরের সাফল্যগাথা নিয়ে ৩০০০ কপি ব্রোসিয়র ও লিফলেট তৈরি করত হবে। উক্ত ব্রোসিয়ারের জন্য সংস্থার পরিচিতি, গত ০৮ বছরের গৃহীত কার্যক্রম ও অর্জিত সাফল্যের উপর তথ্য সুতনি এমজি-১২ ফন্টে এফোর কাগজে এক পাতায় হার্ডকপি এবং সকল দপ্তর/সংস্থার তাদের সংস্থাকে কিভাবে দেখতে চান সে সংক্রান্ত ৩ কপি স্টিল ছবি ও সংস্থার মনোগ্রাম/থিম (সফ্‌ট কপি পেনড্রাইভে) জনাব সঞ্জয় কুমার বনিক, যুগ্মসচিব এর ই-মেইলে (sanjoykumarbanik5575@gmail.com) প্রেরণ করতে হবে।

৩.১০) যান্ত্রিক বহরের ডিসপ্লেতে অংশগ্রহণ এবং ব্রোসিয়ার বিতরণের জন্য মেরিন একাডেমীর ০৩ জন পুরুষ ও ০২ জন মহিলা ক্যাডেট, এনএমআই-এর ০২ জন নাবিক এবং ফেস্টুন স্থাপনের কাজের জন্য ডিইপিটিসি এর ৫ জন ক্যাডেট থাকবে। স্ব স্ব দপ্তর/সংস্থার প্রধানের সাথে যোগাযোগ করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কমিটি বিষয়টি নিশ্চিত করবেন;

৩.১১) ক্যাডেট, মহিলা ক্যাডেটদের ঢাকায় আবাসন, আসা-যাওয়া ও খাবার ব্যবস্থা করার জন্য বিআইডব্লিউটিএ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে তদারকি কর্মকর্তা হিসেবে জনসংযোগ কর্মকর্তা, জনাব মোবারক হোসেন মজুমদার দায়িত্ব পালন করবেন।

৩.১২) যান্ত্রিক বহরে ট্রাকটি প্যারেড স্কোয়ারে সাজানো হবে। ট্রাক ও ট্রাকের ড্রাইভারকে লাইসেন্স ও জাতীয় পরিচয় পত্র এবং ট্রাকের বৈধ কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে। জনাব নজরুল ইসলাম মিশা বিষয়টি নিশ্চিত করবেন।

৩.১৩) বিজয় দিবস দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিগত বছরের ন্যায় এবারও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ হতে নিম্নবর্ণিত অর্থ সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে ৫,০০,০০০/- টাকা, বিআইডব্লিউটিএ হতে ৩,০০,০০০/- টাকা, বিআইডব্লিউটিসি হতে ২,০০,০০০/- টাকা, মোংলা বন্দর কর্তৃপক্ষ হতে ১,০০,০০০/- টাকা, বিএসসি হতে ৫০,০০০/- টাকা, বাস্থবক হতে ১,০০,০০০/- টাকা নৌপরিবহন অধিদপ্তর হতে ১,০০,০০০/- টাকা, মেরিন একাডেমি হতে ১,০০,০০০/- টাকা, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট হতে ৩০,০০০/- টাকা এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ হতে ৭৫,০০০/- টাকা সংগ্রহ করা হবে। উক্ত অর্থ দপ্তর/সংস্থাসমূহ আগামী ০৭ দিনের মধ্যে যুগ্মসচিব (প্রঃ)/উপসচিব (প্রঃ) এর বরাবরে প্রেরণ করবে। সংশ্লিষ্ট ব্যয় বিবরণী ও ভাউচার **ফোকাল পয়েন্ট** কর্মকর্তা পরীক্ষান্তে নথিতে সংরক্ষণ করবেন।

৩.১৪) **ফোকাল পয়েন্ট** কর্মকর্তা হিসেবে জনাব দেবাশীষ নাগ, উপসচিব সকল কার্যক্রমের অগ্রগতি উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

৩.১৪) পরবর্তী সভায় কাজের অগ্রগতিসহ ফলোআপ করার জন্য সকল সদস্যকে উপস্থিত থাকতে হবে।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ ঃ ১৯-১০-২০১৭
মোঃ আবদুস সামাদ
ভারপ্রাপ্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

(অঃ পৃঃ দ্রঃ)

Bijoy dibos, 17



নথি নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৭- ১২৪৬ তারিখঃ ১৯-১০-২০১৭।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। জনাব মোঃ রেজাউল করিম, যুগ্মসচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। জনাব সঞ্জয় কুমার বণিক, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনাব মোঃ আবদুস সাত্তার, উপসচিব (চবক), নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। জনাব মোঃ মুহিদুল ইসলাম, উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। জনাব মনোয়ার হোসেন, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৭। জনাব দেবাশিষ নাগ, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৮। জনাব এস এম শাহ হাবিবুর রহমান হাকিম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৯। জাজরীন নাহার, সিনিয়র সহকারী সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১০। বেগম রেবেকা সুলতানা, সিনিয়র সহকারী সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম খান, জনসংযোগ কর্মকর্তা, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১২। বেগম সীমা রানী ধর, সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৩। জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। জনাব আনম ওয়াহিদ শিকদার, উপসচিব, চট্টগ্রাম বন্দর।
১৫। জনাব মোঃ শফিকুর রহমান, মুখ্য পরিদর্শক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
১৬। জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৭। জনাব মোঃ নজরুল ইসলাম মিশা, জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিসি, ঢাকা।
১৮। জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিএ, ঢাকা।
১৯। জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক, বাস্থবক, ঢাকা।
২০। জনাব মাসুদুল্লাহ খান, সহঃ পরিঃ প্রধান, মোবক, বাগেরহাট।
২১। জনাব মোঃ আতিকুল ইসলাম, হিঃ কমঃ, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২২। জনাব মোঃ ইউসুফ, সহঃ ব্যবস্থাপক/লিয়াজো অফিসার, বিএসসি, চট্টগ্রাম।
২৩। জনাব মাসুদুল্লাহ খান সহকারী পরিকল্পনা প্রধান, মোংলা বন্দর কর্তৃপক্ষ।
২৪। জনাব সুফী মোঃ সোয়েব, সিস্টেম এনালিস্ট, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। চেয়ারম্যান, চবক/মোবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক/পায়রা/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়,ঢাকা।
১০। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১১। সহকারী সচিব (সকল)/সহকারী প্রধান (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। অতিরিক্ত সচিব(প্রশাসন)/বাণিজ্যিক/উন্নায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। যুগ্ম সচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

(জাজরীন নাহার)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)